42

তারিখ 30 APR 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

দৈনিক বাংলা

# এসএসসি ঃ অংক পরীক্ষায় বহিষ্কার ২৫৮৯

**স্টাফ রিপোর্টার ঃ** দেশের চারটি শিক্ষা বোর্ডে শনিবার অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় মোট ২৫৮৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য বহিস্কৃত হয়েছে। শনিবার ছিল অংক পরীক্ষা। এছাড়া বগুড়ায় কর্তব্যে অবহেলার জন্য একজন শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে। অংক পরীক্ষার দিনে ২৮৩৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

পটুয়াখালীর দুমকি হাই স্কুল কেন্দ্র থেকে একজন পরীক্ষার্থী খাতা নিয়ে পালিয়ে যায়। পরে সে খাতা উদ্ধার করা হয়। চারটি বোর্ডে পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

ঢাকা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানা যায়, গতকাল অংক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ৭৫৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদিন পরীক্ষা কেন্দ্রে ২০৯৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

**রাজশাহী**

রাজশাহী থেকে স্টাফ রিপোর্টার জানান, শিক্ষা বোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে গতকাল অংক পরীক্ষায় ১১টি জেলায় অসদুপায় অবলম্বনের জন্য এক হাজার ১৬৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া বগুড়ার নামুজা কেন্দ্রে একজন শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন কেন্দ্রে ২৭৭ জন ছাত্রছাত্রী অনুপস্থিত ছিল।

**যশোর**

যশোর ব্যুরো জানায়, শিক্ষা বোর্ডের অধীনে ১৫টি জেলায় গতকাল ১৯৪ জনকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে অনুপস্থিতির সংখ্যা ১৮৪।

**কুমিল্লা**

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, শনিবারের অংক পরীক্ষায় বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ২৪৭৩ জনকে অসদুপায়ের জন্য বহিষ্কার করা হয়েছে।

**পটুয়াখালী**

নিজস্ব সংবাদদাতা পটুয়াখালী থেকে জানান, শনিবর অংক পরীক্ষা শেষে দুমকি হাই স্কুল কেন্দ্র থেকে একজন পরীক্ষার্থী খাতা নিয়ে পালিয়ে যায়। কর্তৃপক্ষ খোঁজ খবর করে নলদোয়ানী হাই স্কুলের ছাত্র আমিনুল ইসলামকে ধরে এনে চাপ সৃষ্টি করে। পরে সে পরীক্ষা কেন্দ্রের অদূরে একটি গর্ত থেকে ছেড়া অংক পরীক্ষার উত্তরপত্র বের করে দেয়। তার রোল নম্বর ৫০২৯২৪। এ ব্যাপারে হল সুপার জানান, বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ড কর্তৃপক্ষকে লিখিতভাবে বিষয়টি জানানো হয়েছে।